গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২০- ২৬৭

তারিখ: ০৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত "সহকারী শিক্ষক নিয়োগ ২০২০"-এর নিয়োগ আদেশ জারির নির্দেশাবলী।**

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২০-১৫২, তারিখ: ১৮ অক্টোবর ২০২০ খ্রি.।

উল্লিখিত বিষয়ে সূত্রোক্ত স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি ও সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক-এর শূন্যপদে সরাসরি নিয়োগের জন্য কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নোক্ত নির্দেশাবলী ও সময়সূচী অনুসরণপূর্বক নিয়োগ আদেশ জারি করার জন্য অনুরোধ করা হলো।

**১) কর্মসূচি:**

| করণীয় | সময়সীমা |
|---|---|
| (ক) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পরিচিতি প্রতিপাদন, ডকুমেন্টস যাচাই ও নমুনা স্বাক্ষর সত্যায়ন | ৩১ ডিসেম্বর ২০২২ |
| (খ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণের জেলা সিভিল সার্জন দপ্তর কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদ ও ডোপটেস্ট রিপোর্ট গ্রহণ | ৩১ ডিসেম্বর ২০২২ |
| (গ) নির্বাচিত প্রার্থীগণের অনুকূলে নিয়োগপত্র জারি | ০৩ জানুয়ারি ২০২৩ |
| (ঘ) প্রাথমিকভাবে নির্বাচিত কোন প্রার্থীর অনুকূলে নিয়োগপত্র জারি না হলে (কারণ ও মতামতসহ) তালিকা অধিদপ্তরে প্রেরণ | ০৪ জানুয়ারি ২০২৩ |
| (ঙ) প্রার্থীগণের যথাযথভাবে পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম পুলিশ ভেরিফিকেশনের জন্য জেলা পুলিশ সুপার (এসবি)/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ-এর কার্যালয়ে প্রেরণ | ০৮ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে |
| (চ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান | ২২ জানুয়ারি ২০২৩ |
| (ছ) পদায়ন আদেশ জারি | ২৫ জানুয়ারি ২০২৩ |
| (জ) নব নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের ওরিয়েন্টেশন | ২৫-৩০ জানুয়ারী ২০২৩ |

**ডকুমেন্টস যাচাই সংক্রান্ত নির্দেশনা: (২-৯)**

২) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের আবেদনপত্রের অনুলিপি/কপি সংশ্লিষ্ট কাগজপত্রসহ ব্যক্তিগত নথি সৃজন করে পৃথকভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পরিচিতি প্রতিপাদন ও সংশ্লিষ্ট ডকুমেন্টস যাচাইয়ের জন্য তারিখ জানিয়ে প্রয়োজনীয় সকল মূল কাগজপত্রসহ স্বশরীরে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে;

৪) প্রার্থীর নমুনা স্বাক্ষরের সঙ্গে মূল আবেদনপত্রে প্রদত্ত স্বাক্ষরের গরমিল পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ স্থগিত রেখে প্রার্থী কর্তৃক প্রদত্ত পর পর তিনটি নমুনা স্বাক্ষর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক সত্যায়ন করে সুস্পষ্ট মতামত সহকারে অধিদপ্তরে সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে;

৫) নিয়োগ আদেশ জারির পূর্বে এ মর্মে নিশ্চিত হতে হবে যে, নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে ২০ অক্টোবর ২০২০ তারিখে বয়স সর্বনিম্ন ২১ বৎসর এবং ২৫ মার্চ ২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর [(মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ২৫ মার্চ ২০২০ তারিখে ৩২ বৎসর)]।

৬) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিয়োগ আদেশ জারির পূর্বে মূল আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য ও সনদপত্র (শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা ইত্যাদি) পুঙ্খানুপুঙ্খভাবে যাচাইপূর্বক প্রার্থীদের নামে নিয়োগ আদেশ জারি করতে হবে;

৭) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণের জেলা সিভিল সার্জন দপ্তর কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার প্রত্যয়ন ও ডোপটেস্ট রিপোর্ট পর্যালোচনাপূর্বক নিয়োগ আদেশ জারি করতে হবে;

৮) নিয়োগপত্র ইস্যুর পূর্বে যাচাই কার্যক্রমে কোন ভুলত্রুটি বা অসঙ্গতি পরিলক্ষিত হলে, সিভিল সার্জন দপ্তর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রে কিংবা স্বাস্থ্যগত উপযুক্ততার প্রত্যয়ন না থাকলে কিংবা নেতিবাচক ডোপটেস্ট রিপোর্ট পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগপত্র ইস্যু স্থগিত রেখে অবিলম্বে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

৯) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণ আগামী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে পরিচিতি প্রতিপাদন ও সকল ডকুমেন্টস যাচাইয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সকল মূল সনদসহ (সকল সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, ০৩ (তিন কপি) পুলিশ ভেরিফিকেশন ফরম (যথাযথভাবে পূরণকৃত), সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন এবং ডোপটেস্ট রিপোর্ট ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদ) সশরীরে উপস্থিত হয়ে জমা প্রদান না করলে তার অনুকূলে নিয়োগ আদেশ জারি করা যাবে না।

**নিয়োগপত্র সংক্রান্ত নির্দেশনা: (১০-১৪)**

১০) নির্ধারিত নিয়োগ পত্রের নমুনা অনুযায়ী প্রার্থীর নিয়োগ আদেশ জারির পূর্বে প্রার্থীর নাম, মাতা, পিতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা সংবলিত কলামগুলো মূল আবেদনপত্র অনুসারে সঠিকভাবে নিয়োগপত্রে লিপিবদ্ধ করতে হবে। নিয়োগপত্রে প্রার্থীদের মেধাক্রম অবশ্যই লিপিবদ্ধ করতে হবে।

১১) সহকারী শিক্ষকদের সরকার নির্ধারিত বেতনস্কেল নিয়োগ আদেশে উল্লেখ করতে হবে।

১২) নিয়োগ আদেশে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে তারিখসহ স্বাক্ষরের নীচে পূর্ণনাম, পদবী, ফোন ও ফ্যাক্স নম্বর (যদি থাকে) এবং ইমেইল ঠিকানা উল্লেখ করতে হবে।

১৩) নির্বাচিত প্রার্থীদের বর্তমান ও স্থায়ী উভয় ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে নিয়োগপত্র প্রেরণ করতে হবে। একই সাথে নিয়োগপত্রটি জেলা প্রাথমিক শিক্ষা অফিসের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং জেলা তথ্য বাতায়নে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৪) নিয়োগ বিজ্ঞপ্তির ৯নং শর্ত মোতাবেক প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুসারে **সংযুক্ত শূন্য পদের তালিকা** অনুযায়ী প্রথমে রাজস্বখাতভুক্ত প্রার্থীদের নিয়োগপত্র প্রদান করতে হবে। রাজস্বখাতভুক্ত শূন্য পদে নিয়োগের পর অবশিষ্ট নির্বাচিত প্রার্থীদের জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিইডিপি-৪ এর আওতায় প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য সৃষ্ট পদে নিয়োগপত্র প্রদান করতে হবে। অর্থাৎ ২টি আলাদা নিয়োগ পত্র ইস্যু করতে হবে।

**যোগদান ও পদায়ন সংক্রান্ত নির্দেশনা: (১৫-১৮)**

১৫) নিয়োগ আদেশপ্রাপ্ত প্রার্থীগণকে ২২ জানুয়ারি ২০২৩ তারিখে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করতে হবে।

**১৬) নিয়োগকৃত শিক্ষকগণের নিকট হতে গৃহীত ০৩ (তিন) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম (যথাযথভাবে পূরণকৃত) সংশ্লিষ্ট দপ্তরে ০৮ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করতে হবে।**

১৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নবনিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের পদায়নের ব্যবস্থা গ্রহণ করবেন। তবে, শিক্ষকের শূন্যপদ পূরণের ক্ষেত্রে নিম্নরূপভাবে অগ্রাধিকার দিয়ে পদায়ন করতে হবে।

(ক) দুর্গম/চরাঞ্চল/হাওরাঞ্চল/দ্বীপাঞ্চল এলাকার বিদ্যালয়ের বিদ্যমান শূন্যপদসমূহ (এক্ষেত্রে পুরুষ শিক্ষকদের প্রাধান্য দিতে হবে)।
(খ) শূন্যপদ পদ পূরণের ক্ষেত্রে সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়-কে অগ্রাধিকার দিতে হবে।
(গ) যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতা প্রকট-সেগুলোকে প্রাধান্য দিতে হবে।
(ঘ) কোন বিদ্যালয়ে ৫০% এর অধিক পদ শূন্য রাখা যাবে না। এ বিষয়ে বিশেষ নজর দিতে হবে।

১৮) যোগদানকৃত শিক্ষকগণকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের ব্যবস্থাপনায় ০২ (দুই) দিনের ওরিয়েন্টেশন প্রদান করতে হবে।

২০/১২/২০২২
(শাহ রেজওয়ান হায়াত)
মহাপরিচালক (গ্রেড-১)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
(পার্বত্য তিন জেলা ব্যতীত সকল)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৩। জেলা প্রশাসক (পার্বত্য তিন জেলা ব্যতীত সকল)।
৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ ও বরিশাল বিভাগ (উল্লিখিত নির্দেশাবলী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণের যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করার অনুরোধসহ)